গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
পৌর-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.lgd.gov.bd

স্মারক নং-৪৬.০০.০০০০.০০০.০৬৩.১১.০০৮৯.১৫-**৬২৯**

তারিখঃ ২৫ শ্রাবণ ১৪৩৩ / ০৯ আগস্ট ২০২৬

**বিষয়ঃ নোয়াখালী জেলার সেনবাগ পৌরসভায় শূন্য পদে জনবল নিয়োগের ছাড়পত্র প্রদান।**

সূত্রঃ সেনবাগ পৌরসভার স্মারক নং-১৯৮, তারিখ: ৩০/০৭/২০২৬

উপর্যুক্ত বিষয় ও সূত্রোস্থ স্মারকের পরিপ্রেক্ষিতে নোয়াখালী জেলার সেনবাগ পৌরসভার আর্থিক সক্ষমতা ও প্রয়োজনীয় বিবেচনায় নিম্নবর্ণিত ০১ (এক) টি শূন্য পদে ০৬ মাস মেয়াদে জনবল নিয়োগের ছাড়পত্র নির্দেশক্রমে প্রদান করা হলো:

| | পদের নাম | অনুমোদনযোগ্য পদ সংখ্যা |
|---|---|---|
| ১. | টিকাদানকারী | ১(এক) টি |

**শর্তাবলী:**

১. পৌরসভার কর্মচারী চাকুরি বিধিমালা, ১৯৯২ (সর্বশেষ সংশোধনীসহ) ও এ সংক্রান্ত প্রচলিত বিধি বিধান এবং স্থানীয় সরকার বিভাগের ০৩ অক্টোবর ২০১১ তারিখে ৪৬.০৬৩.০৩১.০৮.০০. ০০০২.২০১১-১১৭৫ নং স্মারকের নির্দেশনা আবশ্যিকভাবে অনুসরণ করতে হবে;
২. লিখিত ও মৌখিক পরীক্ষার পাশাপাশি প্রযোজ্য ক্ষেত্রে ব্যবহারিক পরীক্ষা গ্রহণ করতে হবে;
৩. প্রাপ্ত প্রস্তাবে শূন্য পদের সংখ্যায় কোন গরমিল থাকার কারণে কোন পদ অতিরিক্ত জনবল নিয়োগ করা হলে সেক্ষেত্রে সংশ্লিষ্ট পৌরসভা দায়ী থাকবে;
৪. সাংগঠিক কাঠামোতে বর্ণিত পদনাম, বেতন গ্রেড অনুসরণপূর্বক প্রতি পদের বিপরীতে মঞ্জুরীকৃত পদসংখ্যার ভিত্তিতে পদ পূরণ করতে হবে এর ব্যত্যয় ঘটিলে সংশ্লিষ্ট নিয়োগকারী কর্তৃপক্ষ অর্থাৎ সংশ্লিষ্ট পৌরসভা প্রশাসক/মেয়র দায়ী থাকবেন;
৫. পদসমূহ পূরণের ক্ষেত্রে ছাড়পত্রের বৈধতার মেয়াদ সর্বোচ্চ ০৬ (ছয়) মাস এবং উক্ত মেয়াদের মধ্যে নির্ধারিত বাছাই কমিটি কর্তৃক বাছাই প্রক্রিয়া সম্পন্ন করে পরবর্তী ১৫ (পনের) দিনের মধ্যে স্থানীয় সরকার বিভাগকে অবহিত করতে হবে;
৬. নিয়োগের ক্ষেত্রে সরকার কর্তৃক জারীকৃত সর্বশেষ নীতিমালা ও পদ্ধতি যথাযথভাবে অনুসরণ করতে হবে;
৭. নিয়োগ প্রক্রিয়া যথাযথভাবে সম্পন্ন করে স্থানীয় সরকার বিভাগকে অবহিত করতে হবে;
৬. পদসমূহ পূরণ করার ক্ষেত্রে কমপক্ষে বহুল প্রচারিত ০১ (এক) টি জাতীয় দৈনিক পত্রিকায়, ০১ (এক) টি স্থানীয় দৈনিক পত্রিকায় (যদি থাকে) ও অফিসিয়াল ওয়েবসাইটে নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ করতে হবে;
৮. ছাড়পত্র প্রদানকৃত পদে কোন প্রকার দৈনিক হাজিরা ভিত্তিক নিয়োগ বা অস্থায়ী নিয়োগ প্রদান করা যাবে না।

০৯/০৮/২০২৬
মো: সগীর হোসেন
যুগ্মসচিব
ফোন: +৮৮০২৯৫১৪১৪২
ইমেইল: lgpaura1@lgd.gov.bd

প্রশাসক
সেনবাগ পৌরসভা, নোয়াখালী

স্মারক নং-৪৬.০০.০০০০.০৬৩.১১.০০৮৯.১৫-**৬২৯/১(৬)**

তারিখঃ ২৫ শ্রাবণ ১৪৩৩ / ০৯ আগস্ট ২০২৬

**অনুলিপি:**

১. যুগ্মসচিব (নগর উন্নয়ন অনুবিভাগ), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. যুগ্মসচিব (নগর উন্নয়ন-২ অধিশাখা), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩. জেলা প্রশাসক, নোয়াখালী
৪. উপসচিব (পৌর-২),স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৫. সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৬. সিস্টেম এনালিস্ট, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)

০৯/০৮/২০২৬
মো: সগীর হোসেন
যুগ্মসচিব